

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহ



সংবাদকক্ষ : ০২-৯৯৬৬৬১৩৭০ E-mail- pidmymensingh@gmail.com, Facebook: Pid Mymensingh

সংবাদ গতিধারা

স্থানীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা-২২/২০২২-২০২৩
ময়মনসিংহ, ১৪ আগস্ট, সোমবার ২০২৩, ৩০ শ্রাবণ ১৪৩০

আজকের স্থানীয় দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে:

- ০১। ডিমের দাম ১২ টাকার বেশি হওয়া উচিত নয়- প্রাণিসম্পদমন্ত্রী
- ০২। স্বাধীনতার পক্ষে শিক্ষার্থীদের সমর্থনের আহ্বান সংস্কৃতি প্রতিমন্ত্রীর
- ০৩। মমেক হাসপাতালে ডেঙ্গু আক্রান্ত রোগী ভর্তি ১৭৭
- ০৪। নেত্রকোনায় আইনশৃঙ্খলা কমিটির সভা অনুষ্ঠিত
- ০৫। ময়মনসিংহ জেলা আওয়ামী লীগের আয়োজনে শোক দিবসের আলোচনা সভা অনুষ্ঠিত

০১। ডিমের দাম ১২ টাকার বেশি হওয়া উচিত নয়- প্রাণিসম্পদমন্ত্রী

খুচরা পর্যায় একটি ডিমের দাম ১২ টাকার বেশি হওয়া উচিত হবে না বলে মন্তব্য করেছেন মৎস্য ও প্রাণিসম্পদমন্ত্রী শ ম রেজাউল করিম। একইসঙ্গে এই মুহূর্তে দেশে ডিম আমদানির প্রয়োজন নেই বলেও মনে করেন তিনি। রবিবার (১৩ আগস্ট) বিকালে সচিবালয়ে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ে অনুষ্ঠিত এক সভা শেষে তিনি এ মন্তব্য করেন। মন্ত্রী ডিম প্রতি দাম ১২ টাকার বেশি রাখলে ব্যবস্থা নেয়া হবে বলেও জানিয়েছেন। সূত্র: দৈনিক স্বজন ও দৈনিক নিউ টাইমস।

০২। স্বাধীনতার পক্ষে শিক্ষার্থীদের সমর্থনের আহ্বান সংস্কৃতি প্রতিমন্ত্রীর

সংস্কৃতি প্রতিমন্ত্রী কে এম খালিদ বলেছেন, শোকর্ত এ মাসের শোককে শক্তিতে পরিণত করে জাতির পিতার সোনার বাংলা গড়ার লক্ষ্যে প্রত্যেক শিক্ষার্থীকে স্বাধীনতার পক্ষে সমর্থন দিতে হবে। বর্তমান শিক্ষার অগ্রগতিকে আরো ত্বরান্বিত করতে বর্তমান সরকারের কোনো বিকল্প নেই। আজকের শিক্ষার্থীরা আগামী প্রজন্মের নেতৃত্বের অংশীদার, তাই দেশের স্বাধীনতার ইতিহাস তাদেরকে অবশ্যই জানতে হবে। রবিবার (১৩ আগস্ট) মুক্তাগাছা উপজেলার শহীদ স্মৃতি সরকারি কলেজ মিলনায়তনে শোক দিবস উপলক্ষে জাতীয় গ্রন্থকেন্দ্র আয়োজিত শিক্ষা প্রতিষ্ঠান ভিত্তিক গ্রন্থপাঠ কার্যক্রমের উদ্বোধন ও বই বিতরণ উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত হয় তিনি এসব কথা বলেন। সূত্র: দৈনিক স্বজন, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস ও দৈনিক নিউ টাইমস।

০৩। মমেক হাসপাতালে ডেঙ্গু আক্রান্ত রোগী ভর্তি ১৭৭

ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতালে আশঙ্কাজনক হারে বাড়ছে ডেঙ্গু আক্রান্ত রোগীর সংখ্যা। রবিবার (১৩ আগস্ট) দুপুরে এ তথ্য নিশ্চিত করে হাসপাতালের ডেঙ্গু ইউনিটের ফোকাল পারসন ফরহাদ হোসেন হিরা জানান, গত ২৪ ঘণ্টায় নতুন ৪২ জন ডেঙ্গু আক্রান্ত রোগী ভর্তি হয়েছে। সুস্থ হয় বাড়ি ফিরে গেছেন ৫৭ জন। হাসপাতালে মোট রোগী রয়েছে ১৭৭ জন; এর মধ্যে পুরুষ ১২৪, নারী ৪১ এবং শিশু রয়েছে ১২ জন। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ।

০৪। নেত্রকোনায় আইনশৃঙ্খলা কমিটির সভা অনুষ্ঠিত

রবিবার (১৩ আগস্ট) নেত্রকোনা জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে নেত্রকোনা জেলা আইনশৃঙ্খলা কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। নেত্রকোনা জেলা প্রশাসক শাহেদ পারভেজ এর সভাপতিত্বে সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সমাজকল্যাণ প্রতিমন্ত্রী মোঃ আশরাফ আলী খান খসরু। সভায় আইন-শৃঙ্খলাসহ সরকারের বিভিন্ন উন্নয়ন কর্মকান্ড নিয়ে বিশদ আলোচনা হয়। সভায় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন নেত্রকোনা-৪ আসনের সংসদ সদস্য সাজ্জাদুল হাসান প্রমুখ। সূত্র: দৈনিক নিউ টাইমস ও দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস।

০৫। ময়মনসিংহ জেলা আওয়ামী লীগের আয়োজনে শোক দিবসের আলোচনা সভা অনুষ্ঠিত

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস উদযাপন উপলক্ষে ময়মনসিংহ জেলা আওয়ামী লীগের আয়োজনে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। রবিবার (১৩ আগস্ট) বিকালে নগরীর টাউনহল অ্যাডভোকেট তারেক স্মৃতি অডিটোরিয়ামে এ সভা অনুষ্ঠিত হয়। জেলা আওয়ামী লীগ এর সভাপতি এহতেশামুল আলমের সভাপতিত্বে সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন কেন্দ্রীয় আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক ও ময়মনসিংহ বিভাগের দায়িত্বপ্রাপ্ত সাংগঠনিক সম্পাদক শফিউল আলম চৌধুরী নাদেল। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ ও দৈনিক স্বজন।

সম্পাদকীয়

- (ক) **দৈনিক স্বদেশ সংবাদ:** আগামী ১৫ আগস্ট বাংলাদেশের ডিজিটাল জগতে সাইবার আক্রমণের ঝড় বইয়ে দেওয়া হবে বলে ৩১ জুলাই হুমকি দেয় একটি হ্যাকার গ্রুপ। হুমকির বিষয়টি যথেষ্ট উদ্বেগজনক। ১৫ আগস্ট যে সাইবার হামলার হুমকি এসেছে সরকারের তরফে তা সাফল্যের সঙ্গে মোকাবেলা করা হবে-এটাই প্রত্যাশা।
- (খ) **দৈনিক সবুজ ও দৈনিক নিউ টাইমস:** প্রতি বছর জুন-জুলাই মাসে, বর্ষা মৌসুমে ভূমিধস বেশি হয়ে থাকে। এতে বহু প্রাণহানির ঘটনাও ঘটে। পাহাড়ি এলাকায় বসবাসের একটি মাত্রা আছে, ঘনত্ব আছে এবং নিয়ম আছে। ধারণ ক্ষমতার মাত্রা অতিক্রম করলে প্রকৃতি প্রতিশোধ নেবে এটাই স্বাভাবিক। পরিবেশ অধিদপ্তরকে এসব বিষয় আমলে নিতে হবে। নজরদারি করতে হবে অতিরিক্ত অবকাঠামো গড়ে উঠেছে কিনা।
- (গ) **দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস:** বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট (বিএলআরআই) গবাদিপশুর লাম্পি স্কিন ডিজিজ এর ভ্যাকসিন সিড উদ্ভাবনে সক্ষম হয়েছে। দেশে এ ভ্যাকসিন আবিষ্কারের ফলে গবাদি পশুর উৎপাদন বৃদ্ধি, মাংস -চামড়ার গুণগত মান রক্ষা, দুগ্ধ উৎপাদনসহ এর বহুমুখী ব্যবহার, প্রক্রিয়াজাতকরণ এবং বিদেশে মাংস রপ্তানির পথ সহজ ও সুগম হবে। দেশের অভ্যন্তরেও কমবে ডিম ও দুধের দাম।

প্রবন্ধ/নিবন্ধ

- ০১। বেদনায় ভরা দিন- শেখ হাসিনা (দৈনিক স্বজন ও দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস)
- ০২। সাইবার হামলার হুমকি মোকাবেলায় প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে- রেজাউল করিম খোকন (দৈনিক নিউ টাইমস ও দৈনিক সবুজ)

#

রিদওয়ান/রেজভী/সজিব/২০২৩/১০.৩০ ঘণ্টা।